শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- প্রথম

বিষয়- গণিত

গুণ

১। ৫ + ৪ - এটা কী অঙ্ক ?
উঃ- ৫ + ৪ – এটা যোগ অঙ্ক।

২। নামতার সাহায্যে লেখো :-
৭ × ৩ = ? ৮ × ৫ = ? ৯ × ৬ = ?
উঃ- ৭ × ৩ = ২১, ৮ × ৫ = ৪০, ৯ × ৬ = ৫৪।

৩। ৫ + ৫ – যোগ করলে কত হবে?
উঃ- ৫ + ৫ - যোগ করলে ১০ হবে।

৪। ৫ - এর নামতা ২ ঘর পড়লে কত হবে?
উঃ- ৫ - এর নামতা ২ ঘর পড়লে ১০ হবে ।

৫। ৫ + ৪ = ৯, ৫ অথবা ৪ - এর ঘরের নামতা পড়লে ৯ পাওয়া যাবে ?
উঃ- ৫ + ৪ = ৯ কিন্তু ৫ অথবা ৪ - এর ঘরের নামতা পড়লে ৯ পাওয়া যাবেনা ।

৬। ৫ + ৫ + ৫ + ৫ + ৫ + ৫ + ৫ + ৫ + ৫ = কত ?
উঃ – ৫ + ৫ + ৫ + ৫ + ৫ + ৫ + ৫ + ৫ + ৫ = ৪৫ ।

৭। অঙ্কটি করতে কোনো অসুবিধা হচ্ছে ?
উঃ - হ্যাঁ, অঙ্কটি করতে অসুবিধা হচ্ছে ।

৮। অঙ্কটি করতে কী কী অসুবিধা হচ্ছে ?
উঃ – অঙ্কটি করতে - i. লিখতে বেশী হবে ।
ii. সময় বেশী লাগবে ।
iii. ভুল হওয়ার সম্ভাবনা থাকবে ।

৯। ৫ - কে কতবার যোগ করতে বলা হয়েছে ?
উঃ- ৫ কে ৯ বার যোগ করতে বলা হয়েছে ।

১০। ৫ + ৫ + ৫ + ৫ + ৫ + ৫ + ৫ + ৫ + ৫ - এখানে একই সংখ্যা বারবার যোগ না করে কীসের সাহায্যে অঙ্কটা করবে ?
উঃ – ৫ + ৫ + ৫ + ৫ + ৫ + ৫ + ৫ + ৫ + ৫ - এখানে ৫- কে ৯ বার যোগ করতে অসুবিধা হচ্ছে, তাই আমরা সহজ ও সংক্ষিপ্ত নিয়মে নামতার সাহায্যে অঙ্কটি করব ।

১১। ৫ - এর নামতা ৯ ঘর পড়লে কত হবে ?
উঃ - ৫ – এর নামতা ৯ ঘর পড়লে ৪৫ হয় ।

১২। ৫ - এর নামতায় ৯ ঘর পড়লে কত হয়, সেটি নামতার চিহ্নের সাহায্যে বসিয়ে দেখাও ।
উঃ - ৫ - এর নামতায় ৯ ঘর পড়লে যা হয়, সেটি নামতার চিহ্নের সাহায্যে বসালে ৫ × ৯ = ৪৫ হয় ।

১৩। গুণের চিহ্ন কেমন ?
উঃ – গুণের চিহ্ন = " × " ।

১৪। গুণ কাকে বলে ?
উঃ – একই সংখ্যা বারবার যোগ না করে যে সহজ ও সংক্ষিপ্ত নিয়মে অঙ্ক করা হয় তাকে গুণ বলে ।

১৫। গুণ অঙ্কে কী কী শব্দ পাই ?
উঃ - গুণ অঙ্কে তিনটি শব্দ পাই - গুণ্য, গুণক ও গুণফল ।

১৬। গুণ চিহ্নের বাম দিকের সংখ্যাটির নাম কী ?
উঃ- গুণ চিহ্নের বামদিকের সংখ্যাটির নাম গুণ্য ।

১৭। গুণ চিহ্নের ডান দিকের সংখ্যাটির নাম কী ?
উঃ – গুণ চিহ্নের ডান দিকের সংখ্যাটির নাম গুণক।

১৮। গুণ্য কাকে বলে ?
উঃ - যে সংখ্যাকে গুণ করা হয় তাকে বলে গুণ্য ।

১৯। গুণক কাকে বলে ?
উঃ – যে সংখ্যা দিয়ে গুণ করা হয় তাকে বলে গুণক ।

২০। গুণফল কাকে বলে ?
উঃ- গুণ করে যে ফল বা সংখ্যা পাওয়া যায় তাকে বলে গুণফল ।

২১। ৫ × ৯ = ৪৫ - এখানে গুণ্য, গুণক ও গুণফল কোনটি ?
উঃ- ৫ × ৯ = ৪৫ - এখানে গুণ্য = ৫ , গুণক = ৯ , গুণফল = ৪৫ ।

২২। গুণ্য ও গুণকের স্থান পরিবর্তন করলে গুণফল কি পরিবর্তন হবে ? উদাহরণ দাও।

উঃ - গুণ্য ও গুণকের স্থান পরিবর্তন করলে গুণফল পরিবর্তন হবে না।
উদাহরণ :-
৫ × ৪ = ২০ ,
৪ × ৫ = ২০।

২৩। শূন্যস্থান পূরণ করো :-
ক) ৮ × ___ = ৭২ , ___× ৭ = ৪২, ___× ৫ = ০, ১০ × ___ = ১০ ।
উঃ- ৮ × ৯ = ৭২ , ৬ × ৭ = ৪২, ০ × ৫ = ০ , ১০ × ১ = ১০ ।

খ) গুণ্য × ____ = গুণফল, _____ × গুণক = গুণফল ।
উঃ – গুণ্য × গুণক = গুণফল, গুণ্য × গুণক = গুণফল ।

২৪। পাশাপাশি গুণ করো :-

ক) ২১৩ × ৪ = ?
+১
শ দ এ এ হা শ দ এ
২ ১ ৩ × ৪ = ৮ ৫ ২

উঃ - নির্ণীত গুণফল = ৮৫২।

খ) ৪২১ × ৫ = ?
+১
শ দ এ এ হা শ দ এ
৪ ২ ১ × ৫ = ২ ১ ০ ৫

উঃ - নির্ণীত গুণফল = ২১০৫।

২৫। পাশাপাশি গুণ করো (নিজে করো) :-

ক) ৬২ ৩ × ৪ = ?

খ) ১ ২ ৫ × ৩ = ?

গ) ৮ ৪১ × ৬ = ?

ঘ) ৭ ৫ ৪ × ২ = ?

ঙ) ১ ৩ ১ × ৮ = ?

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।